গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কমলনগর, লক্ষ্মীপুর
kamalnagar.lakshmipur.gov.bd

স্মারক নম্বর ০৫.৪২.৫১৩৩.০০১.০৩.০১৪.২৪-১৮ তারিখ: ১৮-০১-২০২৪ খ্রি.

# "জলমহাল ইজারা বিজ্ঞপ্তি-২০২৪"

এতদ্বারা প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি সংগঠন/সমিতির অবগতির জন্য জানানো যাচ্ছে যে, লক্ষ্মীপুর জেলাধীন কমলনগর উপজেলার অনুর্ধ্ব ২০.০০ (বিশ) একর আয়তন বিশিষ্ট ইজারাযোগ্য (অনুমোদিত তালিকায় বর্ণিত) সরকারি বদ্ধ জলমহালসমূহ সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এবং ভূমি মন্ত্রণালয় সায়রাত-১ এর গত ০২-১১-২০২৩ খ্রি. তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯ (অংশ-১).৬৬২ সংখ্যক স্মারকে জারীকৃত প্রজ্ঞাপন অনুযায়ী ১৪৩১ থেকে ১৪৩৩ বঙ্গাব্দ ০৩ (তিন) বছর মেয়াদের জন্য ইজারা প্রদানের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে ভূমি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে ( jm.lams.gov.bd ) এ সংক্রান্ত নির্দেশিকা 'জলমহাল ইজারা ব্যবস্থাপনা সিস্টেম' অনুযায়ী অনলাইনে আবেদন আহবান করা যাচ্ছে। এ বিষয়ে বিস্তারিত তথ্যাদি উল্লিখিত ওয়েবসাইটে ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় এবং সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, কমলনগর হতে পাওয়া যাবে।

উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ২০.০০ (বিশ) একর পর্যন্ত বদ্ধ জলমহাল ব্যবস্থাপনা সিডিউল

| ক্র: নং | তারিখ | গৃহীত কার্যক্রম |
|---|---|---|
| ১ | ০৯ মাঘ থেকে ০৩ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ/ ২৩ জানুয়ারি থেকে ১৬ ফেব্রুয়ারি ২০২৪ খ্রি. | jm.lams.gov.bd ওয়েব সাইটের মাধ্যমে অনলাইনে সরকারি জলমহাল ইজারার আবেদন দাখিল |
| ২ | ০৩ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ/ ১৬ ফেব্রুয়ারি ২০২৪ থেকে ০৩ কার্য দিবসের মধ্যে | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূল কপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কমলনগর, লক্ষ্মীপুরে দাখিল |
| ৩ | ১৬ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ/ ২৯ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দের মধ্যে | অনলাইনে প্রাপ্ত আরেদনসমূহ এবং দাখিলকৃত প্রিন্টেড কপি যাচাই-বাছাই |
| ৪ | ২৬ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ/ ১০ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দের মধ্যে | উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন ও অনুমোদন |
| ৫ | ১০ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ/ ২৪ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দের মধ্যে | ইজারা অনুমোদনের জন্য জেলা প্রশাসক বরাবর প্রেরণ (প্রযোজ্য ক্ষেত্রে) এবং জেলা প্রশাসক কর্তৃক অনুমোদন |
| ৬ | ১৭ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ/ ৩১ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দের মধ্যে | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইজারাদেশ প্রদান ও ইজারাগ্রহীতাকে অবহিকরণ |
| ৭ | ২৩ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ/ ০৬ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দের মধ্যে | ইজারাগ্রহীতা কর্তৃক নির্ধারিত কোডে সাকুল্যে ইজারামূল্য ও অন্যান্য সরকারি করাদি জমা প্রদান এবং ইজারাগ্রহীতার সাথে ইজারা চুক্তি সম্পাদন |
| ৮ | ১ বৈশাখ, ১৪৩১ বঙ্গাব্দ/ ১৪ এপ্রিল ২০২৪ খ্রি. | ইজারা গ্রহীতাকে জলমহালের দখল বুঝিয়ে দেয়া। |

**০৩ (তিন) বছর মেয়াদী ১৪৩১ বঙ্গাব্দ হতে ১৪৩৩ বঙ্গাব্দের জন্য ইজারাযোগ্য জলমহালে তালিকা:**

| ক্র:নং | জলমহালের নাম | অবস্থান | আয়তন (একরে) | ৫% বর্ধিত হারে ০৩ (তিন) বছরের সরকারি ইজারা মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ০১ | নাজির উল্যা বাড়ী সংলগ্ন খাস পুকুর-১ | চর জগবন্ধু মৌজার ০১ নং খাস খতিয়ানভুক্ত | দাগ নং- ৬৩৫ জমির পরিমান-১.৮২ একর | ১,৪১,০৫০/- | ১০% আয়কর ও ১৫% ভ্যাট প্রযোজ্য |
| ০২ | নাজির উল্যা বাড়ী সংলগ্ন খাস পুকুর-২ | চর জগবন্ধু মৌজার ০১ নং খাস খতিয়ানভুক্ত | দাগ নং- ৬৩১ জমির পরিমান-০.৭৯ একর | ৭৯,৯৭৫/- | ১০% আয়কর ও ১৫% ভ্যাট প্রযোজ্য |
| ০৩ | গুড়া গাজী বাড়ী সংলগ্ন খাস পুকুর | ৬নং চর জাঙ্গালিয়া মৌজা ১নং খাস খতিয়ানভুক্ত | দাগ নং- ৭১৮ জমির পরিমান-০.২৩ একর | ২,৩৬৩/- | ১০% আয়কর ও ১৫% ভ্যাট প্রযোজ্য |
| ০৪ | মোস্তাফিজ মিয়ার বাড়ী সংলগ্ন খাস পুকুর | ৬নং চর জাঙ্গালিয়া মৌজা ১নং খাস খতিয়ানভুক্ত | দাগ নং- ৫১৪৩ ও ৫১৪৪ জমির পরিমান-১.৩২ একর | ৬৬,৩৬০/- | ১০% আয়কর ও ১৫% ভ্যাট প্রযোজ্য |
| ০৫ | ছৈয়দ হাওলাদার বাড়ী সংলগ্ন খাস পুকুর | চর ফলকন মৌজার ০১নং খাস খতিয়ানভুক্ত | দাগ নং-৭৬৮৭/৭৬৮৮ জমির পরিমাণ ০.৭১ একর | ১২,৮১৯/- | ১০% আয়কর ও ১৫% ভ্যাট প্রযোজ্য |
| ০৬ | এজাহার মৃধা বাড়ী সংলগ্ন খাস পুকুর | চর ফলকন মৌজার ০১নং খাস খতিয়ানভুক্ত | দাগ নং- ১১০৮৮ জমির পরিমান- ০.৬৭ একর | ৫৬,১০৫/- | ১০% আয়কর ও ১৫% ভ্যাট প্রযোজ্য |
| ০৭ | তোরাবগঞ্জ গো-হাটা খাস পুকুর | তোরাবগঞ্জ মৌজার ০১ নং খাস খতিয়ানভুক্ত | দাগ নং-১৬২ জমির পরিমাণ ০.৪৯ একর | ২,৩৩,৬২৫/- | ১০% আয়কর ও ১৫% ভ্যাট প্রযোজ্য |
| ০৮ | তাজু মুন্সি বাড়ী সংলগ্ন খাস পুকুর | তোরবগঞ্জ মৌজার ১নং খাস খতিয়ানভূক্ত | দাগ নং-৪৭৯১/৪৭৯২ জমির পরিমাণ ০.৯২ একর | ৫২,৩২৫/- | ১০% আয়কর ও ১৫% ভ্যাট প্রযোজ্য |
| ০৯ | চর কাদিরা খাস পুকুর | চর কাদিরা মৌজার নং [illegible] | দাগ নং-৫১৭ [illegible] | ৫০,৪০০/- | ১০% আয়কর ও ১৫% ভ্যাট প্রযোজ্য |

**শর্তাবলী**

০১। জলমহাল ইজারা গ্রহিতা সমিতি বছরের যে কোন সময় জলমহাল ইজারা গ্রহণ করলেও ঐ বছরের ১লা বৈশাখ হতে ইজারা/বন্দোবস্ত প্রদান করা হয়েছে হিসেবে গণ্য করা হবে।

০২। জলমহালসমূহ কেবলমাত্র নিবন্ধিত (সমবায়/সমাজসেবা অধিদপ্তর) প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির অনুকূলে ইজারা দেয়া হবে। কোন অবস্থাতেই ব্যক্তি বা অনিবন্ধিত সংগঠন আবেদন করতে পারবে না।

০৩। যেকোন তফসিলি ব্যাংক হতে উপজেলা নির্বাহী অফিসার, কমলনগর, লক্ষ্মীপুর এর অনুকূলে ৫০০/- (পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফ্ট অথবা পে-অর্ডার এর বিনিময়ে (অফেরৎযোগ্য) উপরে বর্ণিত কার্যালয়সমূহ হতে উল্লিখিত তারিখ অফিস চলাকালীন সময়ে আবেদন/দরপত্র ক্রয় করা যাবে।

০৪। আবেদনে উদ্বৃত মূল্যের উপর ২০% হারে জামানত উপজেলা নির্বাহী অফিসার, কমলনগর, লক্ষ্মীপুর এর অনুকূলে ব্যাংক ড্রাফ্ট/পে-অর্ডারসহ আবেদনপত্র জমা দিতে হবে। জামানতের অর্থ শেষ বছরের ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে।

০৫। প্রস্তাবিত মূল্যের উপর ১০% আয়কর এবং ১৫% ভ্যাট পরিশোধ করতে হবে।

০৬। কোন মৎস্যজীবী সমবায় সমিতি দু'টির বেশী জলমহাল ইজারা গ্রহণ করতে পারবেন না।

০৭। জলমহাল ইজারা গ্রহণে আগ্রহী সমিতি/সংগঠনকে সরেজমিনে জলমহালের বাস্তব অবস্থা সম্পর্কে অবহিত হয়ে ইজারা কার্যক্রমে অংশ গ্রহণ করতে হবে। ভবিষ্যতে কোন ওজর-আপত্তি গ্রহণযোগ্য হবে না।

০৮। সমিতিতে প্রকৃত মৎস্যজীবী ব্যতীত অন্য কোন সদস্য থাকলে বা কার্যনির্বাহী কমিটিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নহেন, তাহলে উক্ত সমিতি আবেদনের যোগ্য হবেন না।

০৯। কোন মৎস্যজীবী সমিতি/সংগঠন এর কোন জঙ্গি সম্পৃক্ততা থাকলে এবং পূর্বের কোন জলমহালের ইজারা মূল্য পরিশোধে খেলাপি হয়ে থাকলে অথবা জলমহাল সংক্রান্ত কোন সার্টিফিকেট মামলা কিংবা অন্য কোন আদালতে কোন মামলা থাকলে সংশ্লিষ্ট সমিতি/সংগঠনকে জলমহাল বন্দোবস্ত প্রদান করা হবে না।

১০। সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী/তীরবর্তী নিবন্ধিত মৎস্যজীবী সংগঠন/সমিতিকে প্রয়োজনীয় যোগ্যতা থাকা সাপেক্ষে ইজারার ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া হবে।

১১। জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর ভিত্তিতে একটি মাত্র প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠনের আবেদন পাওয়া গেলেও উক্ত সমিতির অনুকূলে ইজারা প্রদান করা হবে। একাধিক সমিতি উপযুক্ত বিবেচিত হলে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক সার্বিক বিবেচনার মাধ্যমে প্রদত্ত সিদ্ধান্ত চূড়ান্ত হিসেবে গণ্য হবে।

১২। সময়মতো লীজমানি পরিশোধ না করা, তথ্য গোপন করা কিংবা কোন অনিয়ম পরিলক্ষিত হলে ইজারা বাতিলক্রমে জামানত বাজেয়াপ্তসহ পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

১৩। ইজারা গ্রহীতা কর্তৃক কোন প্রকারে জলমহাল সাবলীজ দেয়া যাবে না। সাবলীজ দেয়া হলে জামানতসহ ইজারা মূল্য বাজেয়াপ্ত করে পুনঃ ইজারা প্রদান করা হবে।

১৪। ইজারার ক্ষেত্রে সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ ও ভবিষ্যতে প্রযোজ্য সকল নিয়ম-নীতি ইজারাদারের জন্য অবশ্যই পালনীয় হবে।

১৫। ইজারার মেয়াদ শেষ হওয়ার সাথে সাথে ইজারাদারের সকল অধিকার বিলুপ্ত হবে।

১৬। পরিবেশগত তথ্য সংগ্রহ ইত্যাদি কর্মকান্ড পরিচালনার জন্য জলমহালের উপর মৎস্য ও প্রাণি সম্পদ মন্ত্রণালয়ের অধিকার থাকবে।

১৭। ইজারাকৃত জলমহালে কোন রাক্ষুসে মাছ বা হিংস্র প্রাণির চাষ করা যাবে না।

১৮। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন গ্রহণ ও বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৯। ইজারা বিজ্ঞপ্তিতে কোন রূপ ভুল পরিলক্ষিত হলে তা সংশোধনযোগ্য।

১৮/০১/২০২৪

(সুচিত্র রঞ্জন দাস)
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহ্বায়ক
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
কমলনগর, লক্ষ্মীপুর

স্মারক নম্বর ০৫.৪২.৫১৩৩.০০১.০৩.০১৪.২৪-১৮ তারিখ: ১৮-০১-২০২৪ খ্রি.

সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে

১। জেলা প্রশাসক, লক্ষ্মীপুর।

২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), লক্ষ্মীপুর।

৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কমলনগর, লক্ষ্মীপুর।

৪। সহকারী কমিশনার (ভূমি)/উপজেলা সমবায়/ মৎস্য/ কৃষি/ সমাজসেবা/ যুব উন্নয়ন/ মহিলা বিষয়ক কর্মকর্তা/ অফিসার-ইন-চার্জ, কমলনগর থানা, কমলনগর, লক্ষ্মীপুর। বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।

৫। চেয়ারম্যান (সকল), ইউনিয়ন পরিষদ, কমলনগর, লক্ষ্মীপুর। বিজ্ঞপ্তিটি তার কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রদর্শনসহ বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

চলমান পাতা-০৩

৬। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, চর কালকিনি/চর ফলকন/চর লরেন্স/চর কাদিরা/হাজিরহাট ইউনিয়ন ভূমি অফিস, কমলনগর, লক্ষ্মীপুর। বিজ্ঞপ্তিটি তার কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রদর্শনসহ বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

৭। প্রোগ্রামার, জেলা আইসিটি সেন্টার, জেলা প্রশাসকের কার্যালয়, লক্ষ্মীপুর। বিজ্ঞপ্তিটি জেলার ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

৮। উপজেলা টেকনিশিয়ান, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কমলনগর, লক্ষ্মীপুর। বিজ্ঞপ্তিটি উপজেলার ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

৯। সম্পাদক, দৈনিক মুক্তবাঙ্গালী, (তাঁকে বিজ্ঞপ্তিটি স্বল্প পরিসরে এক দিনের জন্য ভিতরের পাতায় সাধারণ হরফে ১০ ফন্টে (সাইজ: ০৪ কলাম×০৯ ইঞ্চি) ২৯-০১-২০২৪ তারিখের মধ্যে প্রকাশ করে ০৫ টি সৌজন্য কপি এ কার্যালয়ে দাখিলের জন্য অনুরোধ করা হলো।

১০। অত্রাফিস নোটিশ বোর্ড।

২৮/০১/২০২৪

(সুচিত্র রঞ্জন দাস)
উপজেলা নির্বাহী অফিসার
কমলনগর, লক্ষ্মীপুর

( শেষ পাতা )